

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রকল্প পরিচালক (তঃপ্রঃ), সওজ এর কার্যালয়
 সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক
 (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প
 সড়ক ও জনপথ অধিদপ্তর
 কক্ষ নং-৫০২, ১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা।
 ফোন : +৮৮-০২-৮৩১৮২৬৪, ফ্যাক্স : +৮৮-০২-৮৩১৮৭৬৪
 E-mail: pppcellrhd@gmail.com
 Web Site: www.rhd.gov.bd

স্মারক নং-৩৫.সওজ.০০০০.ডিবিপিডি.২০.০০১.২০১৭-৮৮

তারিখ : ০১ জানুয়ারি ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন "সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প" এর জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত পদে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদেরনাম	পদ সংখ্যা	বয়সসীমা	সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২ (দুই)	১৮ হতে ৩০ বছর	সরকারি বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৬ অনুসারে প্রযোজ্য বেতন। সাকুল্যে বেতন ও অন্যান্য সুবিধাদি অর্থ বিভাগ, বাজেট শাখা-১১ এর স্মারক নং- ৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০- ১৫, তারিখ : ১৪/০১/২০১৬ অনুযায়ী এবং অন্য কোন পরিপত্র জারী হলে তা অনুসরণীয় হবে।	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি পাশ হতে হবে। খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত এম.এস অফিস এর পারদর্শী হতে হবে। ওয়ার্ড প্রেসেন্সিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। গ) কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

- ১। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ) সওজ এর কার্যালয়, "সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প" কক্ষ নং-৫০২, ১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) দরখাস্ত ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ০১/০১/২০১৭ ইং তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ উল্লেখসহ (ট) অভিজ্ঞতা (ঠ) মোবাইল নম্বর (যদি থাকে) (ড) ই-মেইল ঠিকানা (যদি থাকে)।
- ২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্র/প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে:-
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।
(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
(গ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।
(ঘ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঙ) প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০(পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট ফেরত একটি খাম।
(চ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা প্রমাণে সার্টিফিকেট সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৩। স্বাক্ষর উপরের ডানপাশে আবেদনকারীর পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ পূর্বক আবেদনপত্র ডাকঘোষে আগামী ০৫/০২/২০১৭ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৪। ০১/০১/২০১৭ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিন্যাসবিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।
- ৭। কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ৮। আবেদন পত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সনদপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়িতকারী কর্মকর্তা (১ম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা) স্বাক্ষরের নীচে সীলসহ থাকতে হবে।
- ৯। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ১০। বয়স ও শিক্ষাগত যোগ্যতা সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে কর্মচারীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।
- ১১। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

Handwritten signature and date: 01-01-2017

(শেঃ সওজ উদ্দিন খান)
 পরিচিতি নং-০০৫০৩২
 প্রকল্প পরিচালক (তঃপ্রঃ), সওজ
 সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক
 (ঢাকা-বাইপাস) পিপিপি প্রকল্প
 কক্ষ নং-৫০২, ১৩২/৪, নিউ বেইলী রোড, ঢাকা।
 মোবাইল : ০১ ৭৩০-৭৮২৫৯৩